

## আত্ম তারগীব ওয়াত্ত তারহীব

হাদিস নাম্বারঃ ৪৫৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২) নামায আদায় করার পর পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করার প্রতি উদ্বৃদ্ধকরণ

الترغيب في انتظار الصلاة بعد الصلاة

আরবী

(حسن لغيره) وَعَنْ الْمَرْأَةِ مِنَ الْمُبَايِعَاتِ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّهَا قَالَتْ: جَاءَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعَهُ أَصْحَابُهُ فِي بَنِي سَلَمَةَ فَقَرَبَنَا إِلَيْهِ طَعَامًا فَأَكَلَ وَمَعَهُ أَصْحَابُهُ، ثُمَّ قَرَبَنَا إِلَيْهِ وَضُوءًا فَتَوَضَّأَ، ثُمَّ أَقْبَلَ عَلَى أَصْحَابِهِ: فَقَالَ: "أَلَا أُخْبِرُكُمْ بِمُكَفَّرَاتِ الْخَطَايَا ؟" قَالُوا: بَلَى. قَالَ: "إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكَارِهِ، وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ، وَإِنْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ" (رواه أحمد)

বাংলা

৪৫৫. (হাসান লি গাইরিহী) রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট যে সমস্ত নারী বায়আত করেছেন তন্মধ্যে জনৈক নারী থেকে বর্ণিত। তিনি বলেন, একদা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের কাছে আসলেন। তাঁর সাথে ছিলেন বনু সালেমা গোত্রের কতিপয় সাহাবী। আমরা তাঁর সামনে কিছু খাদ উপস্থিত করলাম। তিনি খেলেন। অতঃপর আমরা তাকে ওয়ুর পানি দিলাম, তিনি ওয়ু করলেন। এরপর সাহাবীদের সম্মুখবর্তী হয়ে বললেনঃ

”আমি কি তোমাদের গুনাহ মোচনকারী বিষয়গুলো সম্পর্কে সংবাদ দিব না?”

তাঁরা বললেনঃ হ্যাঁ,

তিনি বললেনঃ ”কষ্টের সময় পরিপূর্ণরূপে ওয়ু করা, বেশী বেশী মসজিদের দিকে পা ফেলা এবং এক নামায আদায় করে পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করা।”

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৫/২৭১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ নাম জানা যায়নি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88235>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন